



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

২১ অক্টোবর, ২০২২

বাউবির ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

বৈষম্যহীন ও সার্বজনীন বিশ্ববিদ্যালয় বাউবি-
উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

দেশের একমাত্র দূরশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ ২১ অক্টোবর ২০২২, শুক্রবার ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এ উপলক্ষ্যে সকালে গাজীপুর ক্যাম্পাসের ‘স্বাধীনতা চিরন্তন’ স্মারক ভাস্কর্যের পতাকা স্তম্ভে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। একইসাথে একই সময়ে দেশ জুড়ে বাউবির সকল আঞ্চলিক ও উপ আঞ্চলিক কেন্দ্রেও পতাকা উত্তোলন করেন অফিস প্রধানগণ। এরপর উপাচার্যের নেতৃত্বে ‘স্বাধীনতা চিরন্তন’ স্মারক ভাস্কর্যে পুষ্পার্ঘ অর্পনের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে শান্তির প্রতীক সাদা পায়রা নীল আকাশে অবমুক্ত করেন উপাচার্য, প্রো-উপাচার্যগণ, ড্রেজারার, রেজিস্ট্রার, ডিন, পরিচালক, বাউবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম। ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে উপাচার্যের নেতৃত্বে ৩০ পাউন্ড ওজনের কেক কেটে বর্ণাঢ্য এক উৎসব পালন করে বাউবি।



এ সময় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন- বৈষম্যহীন, সার্বজনীন একটি বিশ্ববিদ্যালয় বাউবি। ধনী দরিদ্র, বঞ্চিত জনগোষ্ঠী কৃষক, শ্রমিক, মজুর, ডাক্তার, সচিব, প্রকৌশলী, রাজনীতিবিদসহ সব বয়সের মানুষ আমাদের শিক্ষার্থী। প্রতিষ্ঠার ৩০ বছরে এসে বাউবি শিক্ষাদানের ক্ষেত্রে দক্ষতাভিত্তিক শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে। গণমুখী, কর্মমুখী ও জীবনব্যাপী শিক্ষাকে সবার জন্য উন্মুক্ত করে রাখার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। বাউবি আজ ভার্সিয়াল বিশ্ববিদ্যালয়ের দাঁড়প্রান্তে। দেশের গণ্ডি পেরিয়ে বিশ্বের কয়েকটি দেশে বাঙালি রেমিটেন্স যোদ্ধাদের জন্য স্টাডি সেন্টার খুলেছে বাউবি। এ সময় তিনি, বাউবির দীর্ঘ এ পথচলায় সাবেক উপাচার্য, প্রো-উপাচার্য, ড্রেজারার, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ যাঁদের শ্রম, ঘাম আর চিন্তা মিশে আছে সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বাউবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডা. সরকার মো: নোমান, সাধারণ সম্পাদক মো: আব্দুস সাত্তার ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মেহেরীন মুনজারীন, ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন তথ্য ও গণসংযোগ বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) ড. মেজবাহ উদ্দিন তুহিন।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)